

মুগান্ধি

প্রিন্ট: ২৯ অক্টোবর ২০২৫, ০৯:৩০ এএম

শিক্ষান্তর

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রধান নিয়োগ বন্ধে মাউশিল চিঠি



বাসস

প্রকাশ: ১৮ অক্টোবর ২০২৫, ০৭:২১ পিএম



মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফাইল ছবি

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও সহকারী প্রধান পদে নিয়োগ কার্যক্রম বন্ধ থাকবে। শিক্ষা মন্ত্রণালয়ের এ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউণ্ডি) চিঠি দিয়েছে।

মাধ্যমিক ও উচ্চ অধিদপ্তর সোমবার এ সংক্রান্ত চিঠি মাধ্যমিক ও উচ্চ শিক্ষার সব অঞ্চলের পরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখার উপপরিচালক এবং ইএমআইএস সেলের সিনিয়র সিস্টেম এনালিস্টদের কাছে পাঠিয়েছে।

চিঠিতে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার ও সহকারী সুপার)-এর পদে নিয়োগ কার্যক্রম বন্ধ রাখা সংক্রান্ত অফিস আদেশের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।